

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

www.bpatc.org.bd

পিপিআর অনুবিভাগ

নং -০৫.০১.২৬৭২.১৪০.২৫.০২২.১৭.১৬০

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ


১৭ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

পবিত্র মাহে রমযানে বিপিএটিসিতে চলমান কোর কোর্সসমূহে (কোর্স ম্যানেজমেন্ট টীমসহ সকল অনুযদ সদস্য) নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে:

- ক. সকল প্রশিক্ষণ কোর্সে রোযার সময়ে যথারীতি ৮.৩০ মিনিট হতে সকালের অধিবেশন শুরু হবে এবং প্রতিদিন কমপক্ষে ০৫ (পাঁচ)টি অধিবেশন পরিচালিত হবে;
- খ. রমযান মাসে সকল কোর্সে সকালের পিটি ও বিকালের স্পোর্টস অনুষ্ঠিত হবে না। এর পরিবর্তে কোর কোর্সের প্রশিক্ষণার্থীগণ বিকাল ৫.৩০-৬.১৫ টা পর্যন্ত লাইব্রেরী এ্যাটাচমেন্টে থাকবেন এবং লাইব্রেরী এ্যাটাচমেন্ট শেষে সরাসরি সংশ্লিষ্ট ক্যাফেটেরিয়ায় ইফতারে যোগদান করবেন;
- গ. ইফতারে অংশগ্রহণের জন্য পুরুষ প্রশিক্ষণার্থীগণ নেমব্যাজসহ ও পায়জামা-পাঞ্জাবী (মুসলিম প্রশিক্ষণার্থীবৃন্দ) এবং নারী প্রশিক্ষণার্থী নেমব্যাজসহ ও শাড়ী পরিধান করবেন;
- ঘ. রমযান মাসে সাক্ষ্যকালীন অধিবেশন পরিচালিত হবেনা, তবে এর পরিবর্তে শনিবারগুলো যথাসম্ভব কাজে লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঙ. রমযান মাসে রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত লাইব্রেরী সকাল ৮.০০ টা থেকে সন্ধ্যা ৬.১৫ টা পর্যন্ত খোলা থাকবে। তাছাড়া শূক্রবার ও শনিবারে ২.৩০ টা থেকে ৬.১৫ পর্যন্ত লাইব্রেরী খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- চ. এ সময়ে কেন্দ্রের সকল কম্পিউটার ল্যাব ৩.৩০ টার মধ্যে বন্ধ হয়ে যাবে। তবে প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে কেন্দ্রের লাইব্রেরীতে অবস্থিত কম্পিউটার ল্যাবটি ৬.১৫ পর্যন্ত খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ছ. অন্যান্য ধর্মাবলম্বী প্রশিক্ষণার্থী ছাড়াও যারা সজ্ঞত কারণে রোজা পালন করবেন না তাদের জন্য বিপিএটিসি এর প্রচলিত রীতি অনুযায়ী পৃথকভাবে খাবারের ব্যবস্থা রাখতে হবে। এ বিষয়ে চলমান কোর্সের কোর্স ব্যবস্থাপনা টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। রেক্টর মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং পহেলা রমযান হতে এ নির্দেশনা কার্যকর হবে।


(মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
পরিচালক (পিপিআর)
ফোন: ৭৭৪৬৬০৭


নং -০৫.০১.২৬৭২.১৪০.২৫.০২২.১৭.১৬০

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ

১৭ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

বিতরণ :সদয় অবগতি/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অনুযদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২। কোর্স পরিচালক, (এসএসসি/এসিএডি/এফটিসি/ এসএফটিসি ৪০+), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৩। পি.এস. টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংশ্লিষ্ট নথি।


(মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
পরিচালক (পিপিআর)